



২৫ সেপ্টেম্বর ২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৫ সেপ্টেম্বর ২০১৩ তৃতীয় বারের মত অধিকার এর সেক্রেটারি আদিলুর রহমান খানের জামিন আবেদন নাকচ করা হয়। এর আগে ১১ অগাস্ট ও ৯ সেপ্টেম্বর তাঁর জামিন আবেদন নাকচ হয়েছিল। আদিলুর রহমানের পক্ষে জামিন শুনানী করেন তাঁর আইনজীবী এডভোকেট রুহুল আমিন ভূঁইয়া এবং এডভোকেট মোহাম্মদ আসাদুজ্জামান। দীর্ঘ ৩০ মিনিট জামিন শুনানীর সময় আদিলুরকে জামিন প্রদানের জন্য তাঁর আইনজীবীরা বিভিন্ন তথ্য-উপাত্ত আদালতের সামনে এনে বলেন যে, আদিলুর রহমান খান এই জামিনযোগ্য মামলায় জামিন পাবার যোগ্য, কিন্তু আদালত পিটিশনটি খারিজ করে দেয়।

এর আগে গত ১৯ সেপ্টেম্বর রাষ্ট্রপক্ষের আইনজীবী নিয়োগ না করায় জামিন আবেদনের শুনানী হয়নি। আদালত জামিন আবেদনের পরবর্তী শুনানীর তারিখ ধার্য করে ২৫ সেপ্টেম্বর ও রাষ্ট্রপক্ষের আইনজীবী নিয়োগের আদেশ দেয়।

কিন্তু আজ ২৫ সেপ্টেম্বর পর্যন্ত ট্রাইব্যুনালে রাষ্ট্রপক্ষের আইনজীবী নিয়োগ না করায়, আদিলুর রহমান খানের আইনজীবীরা তাঁকে ন্যায় বিচার থেকে বঞ্চিত করা হচ্ছে বলে আদালতকে আবেদন জানালে আদালত বিশেষ জজ আদালত-৮ এর পাবলিক প্রসিকিউটর এডভোকেট আমীর হোসেন এবং এডভোকেট কবির হোসেনকে সরকার পক্ষের সাধারণ আইনজীবী হিসেবে কার্যপরিচালনা করতে দেয়।

দু পক্ষের শুনানী শেষে সাইবার ক্রাইমস ট্রাইব্যুনালের বিচারক এ কে এম শামসুল আলম মামলার নথিপত্র পর্যালোচনা করে জামিন আবেদন নামঞ্জুর করেন এবং আগামী ২১ অক্টোবর পরবর্তী তারিখ ধার্য করেন।

উল্লেখ্য যে, অদ্যাবধি বিচারক আদিলুরের আইনজীবীদের অর্ডার শীট না দেয়ায় উচ্চতর আদালতে আদিলুরের জামিন আবেদন করা কঠিন হয়ে পড়েছে।

-সমাপ্ত-